



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বিরামপুর, দিনাজপুর।  
ubirampur.dinajpur.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০০১.২২-১৩১১৭


তারিখ: ০১-১২-২০২২ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান এবং ব্যবসায়ীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিরামপুর উপজেলাধীন দাউদপুর সপ্রাভি এর ০১টি পুরাতন জরাজীর্ণ ও পরিত্যক্ত ভবন, গঙ্গাদাসপুর সপ্রাভি এর ০১টি পুরাতন জরাজীর্ণ ও পরিত্যক্ত ভবন নিলামে বিক্রয় করা হবে। শর্ত সাপেক্ষে আগামী ০৬/১২/২০২২ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্য নিলাম ডাকে বিক্রয় করা হবে। নিলাম ডাকে অগ্রহী ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান এবং ব্যবসায়ীগণকে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিলামের শর্তসমূহ :

- ১। (ক) দাউদপুর সপ্রাভি এর ডাককারীকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জামানত হিসেবে নগদ জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে। (খ) গঙ্গাদাসপুর সপ্রাভি এর ডাককারীকে ২১০০০/- (একুশ হাজার) টাকা জামানত হিসেবে নগদ জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। অগ্রহী ব্যক্তিগণ বর্ণিত বিদ্যালয়ের মার্কিত পরিত্যক্ত জরাজীর্ণ ভবন সরেজমিন পরিদর্শন করে নিলাম ডাকে অংশগ্রহণ করবেন। ডাকে অংশগ্রহণের পর এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।
- ৩। সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের ৩ (তিন) দিনের মধ্যে প্রদত্ত ডাক মূল্য, ডাক মূল্যের উপর ৩% আয়কর ও ৭.৫% ভ্যাট বাবদ অর্থ পরিশোধ করতে হবে। ব্যর্থতায় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ৪। সর্বোচ্চ ডাককারীকে কার্যাদেশের তারিখ হতে ১০(দশ) দিনের মধ্যে বর্ণিত পরিত্যক্ত জরাজীর্ণ ভবন অপসারণ করে নিতে হবে। ব্যর্থতায় ডাকের জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত সহ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৫। গৃহীত দরদাতা নিজ দায়িত্বে পরিত্যক্ত জরাজীর্ণ ভবন অপসারণ করবেন। পার্শ্ববর্তী ভবনের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে দায়দায়িত্ব তার উপর বর্তাবে।
- ৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় এই নিলাম ডাক বাতিলের ও পুনরায় নিলাম ডাকের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(পরিমল কুমার সরকার)  
সভাপতি

উপজেলা নিলাম কমিটি

ও  
উপজেলা নির্বাহী অফিসার  
বিরামপুর, দিনাজপুর।

[unobirampur@mopa.gov.bd](mailto:unobirampur@mopa.gov.bd)


উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
বিরামপুর, দিনাজপুর।

তারিখ: ০১/১২/২০২২ খ্রি.

স্মারক নং-উশিঅ/বিরাম/দিনাজ/২২/১৩১১৭

অনুলিপি সদয়/কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- ৩। উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর।
- ৪। সভাপতি, এসএমসি, দাউদপুর/গঙ্গাদাসপুর সপ্রাভি, বিরামপুর, দিনাজপুর।
- ৫। প্রধান শিক্ষক দাউদপুর/গঙ্গাদাসপুর সপ্রাভি, বিরামপুর, দিনাজপুর।
- ৬। নোটিশ বোর্ড।

  
(মোছাঃ মিনারা বেগম)  
সদস্য-সচিব

উপজেলা নিলাম কমিটি

ও  
উপজেলা শিক্ষা অফিসার  
বিরামপুর, দিনাজপুর।